# Analysis Report

## 51st BCS Free Class

### Daily Practice Exam International Affairs

Obtained Marks: **0/30**

Correct: 0, Incorrect: 0, Skipped: 30

Accuracy: **0%**

☐ Correct ☐ Incorrect ☐ Skipped

Question 1 — Skipped

**‘রাফাহ’ (Rafah) সীমান্ত কোন দুটি অঞ্চলের মধ্যে সংযোগ স্থাপন করেছে?**

- (A) পশ্চিম তীর ও জর্ডান
- (B) সিরিয়া ও লেবানন
- (C) গাজা ও মিসর ✔
- (D) গাজা ও ইসরায়েল

A 10% B 8% C 54% D 32%

**Solution:**
রাফাহ সীমান্ত ক্রসিংটি গাজা উপত্যকার দক্ষিণ প্রান্তে এবং মিসরের সিনাই মরুভূমি সীমান্তে অবস্থিত। বর্তমান গাজা সংকটে এই সীমান্তটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

Question 2 — Skipped

**গাজা উপত্যকা কোন দুটি জলরাশি এবং ভূখণ্ডের মাঝে অবস্থিত, যা ইসরায়েল-ফিলিস্তিন সংঘাতের কেন্দ্রবিন্দু?**

- (A) লোহিত সাগর ও জর্ডান
- (B) পারস্য উপসাগর ও সৌদি আরব
- (C) ভূমধ্যসাগর ও মিশরের সিনাই উপদ্বীপ ✔

D কৃষ্ণ সাগর ও সিরিয়া

A 19% B 3% C 76% D 3%

**Solution:**
গাজা উপত্যকা দুটি জলরাশি এবং ভূখণ্ডের মাঝে অবস্থিত, যা ইসরায়েল-ফিলিস্তিন সংঘাতের কেন্দ্রবিন্দু আর তা হলো ভূমধ্যসাগর ও মিশরের সিনাই উপদ্বীপ।
গাজা উপত্যকার ভৌগোলিক অবস্থান:
- পশ্চিম দিকে: এটি ভূমধ্যসাগর (Mediterranean Sea)-এর তীরে অবস্থিত।
- দক্ষিণ দিকে: এর সীমান্ত রয়েছে মিশরের সিনাই উপদ্বীপ (Sinai Peninsula)-এর সাথে।
- উত্তর ও পূর্ব দিকে: এর সীমান্ত রয়েছে ইসরায়েল-এর সাথে।

এই কৌশলগত অবস্থান এবং ঘন জনবসতির কারণেই এটি মধ্যপ্রাচ্যের অন্যতম গুরুত্বপূর্ণ ও সংঘাতপূর্ণ এলাকা।

Question 3 Skipped

## আন্তর্জাতিক মুদ্রা তহবিলের প্রতিষ্ঠাকালীন সদস্য দেশ ছিল কতটি?

A ৪৩টি

B ৪৪টি ✔

C ৪৫টি

D ৪৬টি

A 14% B 49% C 13% D 23%

**Solution:**
IMF এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি। এর বর্তমান সদস্য দেশ ১৯১টি এবং সর্বশেষ সদস্য লিচেনস্টাইন, প্রতিষ্ঠাকালে IMF এর সদস্য সংখ্যা ছিল ৪৪টি। IMF এর রিজার্ভ সম্পদের আর্থিক একক SDR (Special Drawing Rights)। SDR সুবিধা প্রবর্তনের জন্য ১৯৬৯ সালে IMF এর গঠনতন্ত্র সংশোধন করা হয়। আন্তর্জাতিক আর্থিক ব্যবস্থাপনা এবং মুদ্রা বিনিময় হার স্থিতিশীল রাখাই IMF এর কাজ। Global Financial Stability Report প্রকাশ করে IMF। এটি নেতিবাচক ট্রেড ব্যালেন্স শোধরানোর জন্য ঋণ দেয় এবং বৈদেশিক বাণিজ্যের ভারসাম্যহীনতা হ্রাস করে ।

Question 4 Skipped

## জাতিসংঘ দিবস পালিত হয়–

A ২৪ অক্টোবর ✔

B ২৪ নভেম্বর

C ২৪ আগস্ট

D ২৪ ডিসেম্বর

A 83% B 10% C 6% D 3%

**Solution:**
জাতিসংঘ দিবস ২৪শে অক্টোবর বিশ্বের সকল স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রে উদ্‌যাপিত হয়। সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুসারে জাতিসংঘ সনদ অনুমোদনের দিনে ১৯৪৮ সালে এ দিবস পালনের জন্য নির্দিষ্ট করা হয়েছিল।

Question 5 Skipped

জাতিসংঘ কর্তৃক কোন তারিখে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্বীকৃতি দেয়া হয়?

A ১৭ নভেম্বর, ১৯৯৯

B ২১ নভেম্বর, ১৯৯৯

C ১৯ নভেম্বর, ২০০০

D ২১ অক্টোবর, ২০১০ ✔

A 55% B 24% C 7% D 15%

**Solution:**
১৯৯৯ খ্রিষ্টাব্দের ১৭ নভেম্বর অনুষ্ঠিত ইউনেস্কোর প্যারিস অধিবেশনে প্রস্তাব উত্থাপন করা হয় ও এতে ১৮৮টি দেশ সমর্থন জানালে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়। ২০১০ সালের ২১ অক্টোবর বৃহস্পতিবার জাতিসংঘ সাধারণ পরিষদের ৬৫তম অধিবেশনে এখন থেকে প্রতিবছর একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করবে জাতিসংঘ। এ সংক্রান্ত একটি প্রস্তাব সর্বসম্মতভাবে পাস হয়।

Question 6 Skipped

কোনটি জাতিসংঘের সহযোগী সংস্থা নয়?

A WHO

B WTO

C ASEAN ✔

D ILO

A 4% B 8% C 86% D 6%

**Solution:**
International Labour Organization (ILO) এবং World Health Organization (WHO) জাতিসংঘের সহযোগী সংস্থা, অন্যদিকে Association of South-East Asian Nations বা ASEAN দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি আঞ্চলিক সংস্থা।

Question 7 Skipped

GATT-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ রাউন্ড কোনটি?

(A) কুরিটি রাউন্ড

(B) জেনেভা রাউন্ড

(C) টোকিও রাউন্ড

(D) উরুগুয়ে রাউন্ড ✔

A 7% B 20% C 11% D 63%

**Solution:**
উরুগুয়ে রাউন্ড (১৯৮৬-১৯৯৪) ছিল সবচেয়ে বিস্তৃত ও সফল, যার ফলে WTO প্রতিষ্ঠিত হয়।

Question 8 Skipped

'নেটজারিম করিডোর' (Netzarim Corridor) কোথায় অবস্থিত?

(A) সিনাই মরুভূমি

(B) গাজা উপত্যকা ✔

(C) পশ্চিম তীর

(D) লেবানন সীমান্ত

A 15% B 56% C 12% D 17%

**Solution:**
নেটজারিম করিডোর হলো গাজা উপত্যকার মাঝখান দিয়ে পূর্ব-পশ্চিমে বিস্তৃত একটি কৌশলগত সামরিক পথ, যা ইসরায়েলি সেনাবাহিনী বর্তমান যুদ্ধের সময় তৈরি করেছে।

Question 9 Skipped

মধ্যপ্রাচ্যের কোন দেশ সম্প্রতি BRICS জোটে যোগ দিয়েছে?

A কাতার

B সংযুক্ত আরব আমিরাত ✔

C জর্ডান

D কুয়েত

A 8% B 76% C 9% D 9%

**Solution:**
২০২৪ সালের ১ জানুয়ারি ব্রিকস (BRICS) জোটের ঐতিহাসিক সম্প্রসারণ ঘটে। ২০২৪ সালের সম্প্রসারণে মধ্যপ্রাচ্যের দেশ- সংযুক্ত আরব আমিরাত (UAE), ইরান, মিশর আনুষ্ঠানিকভাবে ব্রিকসে যোগ দিয়েছে।

Question 10 Skipped

জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয়-

A নিউইয়র্কে

B প্যারিসে

C সানফ্রান্সিসকোতে ✔

D লন্ডনে

A 21% B 12% C 66% D 4%

**Solution:**
১৯৪৫ সালের ২৬ জুন যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে জাতিসংঘ সনদে ৫০টি দেশ স্বাক্ষর করে। এ সনদ কার্যকর হয় ১৯৪৫ সালের ২৪ অক্টোবর। জাতিসংঘের সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে। বর্তমানে এর সদস্য সংখ্যা ১৯৩টি।

Question 11 Skipped

কোন পরিষদের সুপারিশক্রমে জাতিসংঘে নতুন সদস্য গ্রহণ করা হয়?

A অছি পরিষদ

B সাধারণ পরিষদ

C অর্থনৈতিক ও সামাজিক পরিষদ

D নিরাপত্তা পরিষদ ✔

A 11% B 36% C 2% D 53%

**Solution:**
জাতিসংঘের নতুন সদস্য গ্রহণ করা হয় সাধারণ পরিষদের সদস্যদের ভোটের মাধ্যমে। তবে চূড়ান্তভাবে সদস্য গ্রহণের পূর্বে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সুপারিশের প্রয়োজন হয়।

Question 12 Skipped

বিশ্বব্যাংক উন্নয়ন প্রকল্পের জন্য ঋণ ও অনুদান প্রদান করে, এর উদ্দেশ্য হলো-

(A) বিশ্ব শান্তি প্রতিষ্ঠা

(B) রাজনৈতিক প্রভাব বৃদ্ধি

(C) দরিদ্র দেশগুলোর দারিদ্র্য হ্রাস ও অর্থনৈতিক উন্নয়ন ✔

(D) বাণিজ্য নিয়ন্ত্রণ করা

A 2% B 4% C 92% D 4%

**Solution:**
বিশ্বব্যাংক দারিদ্র্য হ্রাস ও টেকসই উন্নয়নের লক্ষ্যে কাজ করে। বিশ্বব্যাংক প্রতিষ্ঠিত হয় ১৯৪৪ সালে তবে কার্যক্রম শুরু করে ১৯৪৬ সালে।

Question 13 Skipped

মধ্যপ্রাচ্যের কোন দেশে মার্কিন যুক্তরাষ্ট্রের সবথেকে বড় সামরিক ঘাঁটি অবস্থিত?

(A) সৌদি আরব

(B) কুয়েত

(C) কাতার ✔

(D) বাহরাইন

A 15% B 10% C 69% D 6%

**Solution:**
কাতারের দোহা থেকে সামান্য দূরে অবস্থিত ‘আল-উদেইদ বিমান ঘাঁটি’ (Al-Udeid Air Base) হলো মধ্যপ্রাচ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের বৃহত্তম সামরিক ঘাঁটি।

Question 14 Skipped

কোন চার্টারের মাধ্যমে জাতিসংঘ গঠিত হয়?

(A) Geneva Convention

(B) Montevideo Convention

(C) Atlantic Charter

(D) UN Charter ✔

A 21% B 6% C 33% D 41%

**Solution:**
জাতিসংঘের প্রতিষ্ঠা ঘটে ১৯৪৫ সালের ২৪ অক্টোবর, যখন UN Charter কার্যকর হয়। এটি ছিল এক আন্তর্জাতিক চুক্তি যার মাধ্যমে ৫০টি রাষ্ট্র একমত হয়ে জাতিসংঘ প্রতিষ্ঠা করে। এটিকে UN-এর সংবিধান হিসেবেও বিবেচনা করা হয়। Atlantic Charter ছিল একটি আগাম ধারা যা দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্রিটেন ও যুক্তরাষ্ট্র গৃহীত করেছিল, কিন্তু সেটি জাতিসংঘ প্রতিষ্ঠার সরাসরি দলিল নয়।

Question 15 Skipped

কোন চুক্তি অনুসারে মিশর ইসরায়েলের দখলকৃত সিনাই উপদ্বীপ ফেরত পায়?

(A) অসলো চুক্তি

(B) ক্যাম্প ডেভিড চুক্তি ✔

(C) অটোয়া চুক্তি

(D) ম্যাসট্রিক্ট চুক্তি

A 10% B 74% C 6% D 11%

**Solution:**
১৭ সেপ্টেম্বর, ১৯৭৮ সাল সম্পাদিত ক্যাম্প ডেভিড চুক্তি অনুসারে ইসরায়েল মিশরকে অধিকৃত সিনাই উপত্যকা ফিরিয়ে দেয় এবং মিশর ইসরায়েলকে স্বীকৃতি প্রদান করে।

Question 16 Skipped

বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্যরাষ্ট্র?

(A) ১৩৬তম ✔

(B) ১৩৩তম

(C) ১৩৫তম

D ১৩৪তম

A 78% B 5% C 6% D 13%

**Solution:**
বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্যরাষ্ট্র।
যোগদানের তারিখ: ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪।
অধিবেশন: ২৯তম সাধারণ অধিবেশন।

Question 17 Skipped

## ব্রেটন উডস সম্মেলন কত সালে অনুষ্ঠিত হয়?

A ১৯৪২ সালে

B ১৯৪৫ সালে

C ১৯৪৩ সালে

D ১৯৪৪ সালে ✔

A 7% B 21% C 11% D 62%

**Solution:**
১৯৪৪ সালে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ার এর ব্রেটন উডস শহরে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। ১৯৪৪ সালের ১ থেকে ২২ জুলাই পর্যন্ত এ সম্মেলনে বিশ্বের ৪৪টি দেশের ৭৩০ জন প্রতিনিধি অংশ নেন।
সম্মেলনে এ মর্মে প্রস্তাব গৃহীত হয় যে, উক্ত বিষয়গুলোর প্রয়োগকল্পে সঠিক কাঠামো নির্মাণের উদ্দেশ্যে ৩টি আন্তর্জাতিক সংস্থা গঠন করা যুক্তিযুক্ত হবে। প্রস্তাবিত ৩টি বহুজাতিক ব্যবস্থা গুলো হলো বিশ্বব্যাংক (IBRD), আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF), আন্তর্জাতিক বাণিজ্য সংস্থা (ITO)।

Question 18 Skipped

## হুতিদের দমনে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য যে সামরিক অভিযান শুরু করেছে তার নাম কী?

A অপারেশন রেড সি

B অপারেশন নেপচুন

C অপারেশন ফ্রিডম

D অপারেশন প্রসপারিটি গার্ডিয়ান ✔

A 30% B 7% C 11% D 52%

**Solution:**
লোহিত সাগরে বাণিজ্যিক জাহাজের নিরাপত্তা নিশ্চিত করতে এবং হুতি বিদ্রোহীদের হামলা মোকাবিলায় যুক্তরাষ্ট্র অপারেশন প্রসপারিটি গার্ডিয়ান বহুজাতিক সামরিক অভিযান শুরু করে। যুক্তরাষ্ট্র এই অভিযানের নেতৃত্ব দিচ্ছে, যেখানে যুক্তরাজ্যসহ ২০টিরও বেশি দেশ অংশ নিয়েছে।

Question 19 — Skipped

ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া সাম্প্রতিক ইউরোপীয় দেশগুলো হলো—

- A. যুক্তরাজ্য ও পোল্যান্ড
- B. স্পেন ও আয়ারল্যান্ড ✔
- C. ফ্রান্স ও জার্মানি
- D. ইতালি ও গ্রিস

A 15% B 40% C 36% D 11%

**Solution:**
২০২৪ সালের মে মাসে ইউরোপের তিনটি দেশ আনুষ্ঠানিকভাবে ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার ঘোষণা দেয়। এই দেশগুলো হলো: ১. স্পেন ২. আয়ারল্যান্ড ৩. নরওয়ে

Question 20 — Skipped

বিশ্বের প্রথম দেশ হিসেবে ফিলিস্তিনকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেয় কোন দেশ?

- A. সৌদি আরব
- B. ইরান
- C. মিশর
- D. আলজেরিয়া ✔

A 5% B 23% C 12% D 60%

**Solution:**
১৯৮৮ সালের ১৫ নভেম্বর ফিলিস্তিনের নেতা ইয়াসির আরাফাত আলজিয়ার্স থেকে ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে ঘোষণার কয়েক মিনিটের মধ্যেই আলজেরিয়া বিশ্বের প্রথম দেশ হিসেবে আনুষ্ঠানিকভাবে ফিলিস্তিনকে স্বীকৃতি দেয়। একই দিনে আরও অনেক আরব ও মুসলিম দেশ স্বীকৃতি দিলেও, আলজেরিয়াই সর্বপ্রথম এই পদক্ষেপ নেয়।

Question 21 Skipped

## গোলান মালভূমি (Golan Heights) নিয়ে কোন দুটি দেশের মধ্যে বিরোধ রয়েছে?

(A) ইসরায়েল ও সিরিয়া ✔

(B) লেবানন ও জর্ডান

(C) ইরাক ও ইরান

(D) কাতার ও বাহরাইন

A 69% B 17% C 10% D 6%

**Solution:**
গোলান মালভূমি সিরিয়ার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত একটি পাহাড়ি অঞ্চল। ঐতিহাসিকভাবে এটি সিরিয়ার ভূখণ্ড। কিন্তু ১৯৬৭ সালের 'ছয় দিনের যুদ্ধে' ইসরায়েল সিরিয়ার কাছ থেকে এই অঞ্চলটি দখল করে নেয়। এরপর থেকে এটি ইসরায়েলের নিয়ন্ত্রণে রয়েছে। গোলান মালভূমি নিয়ে ইসরায়েল ও সিরিয়ার মধ্যে বিরোধ রয়েছে।

Question 22 Skipped

## টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রার সংখ্যা কয়টি?

(A) ১৯টি

(B) ১৩টি

(C) ১৭টি ✔

(D) ১৫টি

A 8% B 2% C 85% D 6%

**Solution:**
দারিদ্র্য দূরীকরণ ও পৃথিবীকে রক্ষা এবং সব মানুষের শান্তি ও সমৃদ্ধি নিশ্চিত করতে টেকসই উন্নয়নের লক্ষ্য হিসাবে ১৭টি লক্ষ্য স্থির করা হয়। ২০১৬-২০৩০ পর্যন্ত ১৫ বছর মেয়াদি এ লক্ষ্যসমূহ বাস্তবায়নে জাতিসংঘের ১৯৩টি দেশ সর্বসম্মতভাবে রাজি হয়।

Question 23 Skipped

## কে নয়া নীতি অর্থনৈতিক ব্যবস্থার প্রবর্তন করেন?

(A) ফ্রাংকলিন ডি রুজভেল্ট ✔

B জোসেফ স্তালিন

C হ্যারি এস. ট্রুম্যান

D উড্রো উইলসন

A 49% B 9% C 22% D 20%

**Solution:**
১৯২৯ সালে যুক্তরাষ্ট্রসহ বিশ্বব্যাপী যে অর্থনৈতিক সংকট দেখা দেয় তার প্রেক্ষিতে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাংকলিন ডি রুজভেল্ট যে নয়া-অর্থনৈতিক ব্যবস্থা প্রবর্তন করেন, সেটাই নয়া নীতি বা New Deal.

Question 24 Skipped

UNHCR এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A ব্রাসেলস

B ওয়াশিংটন

C জেনেভা ✔

D নিউইয়র্ক

A 17% B 7% C 63% D 14%

**Solution:**
UNHCR ছাড়াও ILO, ITU, WMO, WIPO, WHO, WTO, UNCTAD, ITC, UNITAR, ICRC, IPU, UNIDIR, WHF প্রভৃতি সংস্থার সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।

Question 25 Skipped

নেতিবাচক ট্রেড ব্যালেন্স শোধরাবার জন্য ঋণ দেয়-

A IBRD

B IMF ✔

C IFC

D IDA

A 7% B 65% C 22% D 6%

**Solution:**
IMF এর পূর্ণ রূপ International Monetary Fund. এটি ১৯৪৪ সালে প্রতিষ্ঠিত হয় এবং ১৯৪৭ সালে এর কার্যক্রম শুরু হয়। IMF এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি। এর বর্তমান সদস্য দেশ ১৯১টি এবং সর্বশেষ সদস্য লিচেনস্টাইন। IMF এর রিজার্ভ সম্পদের আর্থিক একক SDR (Special Drawing Rights)। SDR সুবিধা প্রবর্তনের জন্য ১৯৬৯ সালে IMF এর গঠনতন্ত্র সংশোধন করা হয়। আন্তর্জাতিক আর্থিক ব্যবস্থাপনা এবং মুদ্রা বিনিময় হার স্থিতিশীল রাখাই IMF এর কাজ। Global Financial Stability Report প্রকাশ করে IMF। এটি নেতিবাচক ট্রেড ব্যালেন্স শোধরানোর জন্য ঋণ দেয় এবং বৈদেশিক বাণিজ্যের ভারসাম্যহীনতা হ্রাস করে।

Question 26 — Skipped

ইরান-ইরাক যুদ্ধের অবসান ঘটে কোন চুক্তিকে কেন্দ্র করে?

- (A) জেনেভা কনভেনশন
- (B) ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি
- (C) ম্যাগনাকার্টা চুক্তি
- (D) আলজিয়ার্স চুক্তি ✔

A 14% B 30% C 12% D 48%

**Solution:**
ইরান-ইরাক যুদ্ধ (১৯৮০): শাত ইল আরব জলপথকে কেন্দ্র করে এ যুদ্ধ শুরু হয়। ১৯৮৮ সালে আলজিয়ার্স চুক্তির মাধ্যমে এ যুদ্ধের সমাপ্তি ঘটে।

Question 27 — Skipped

নিরাপত্তা পরিষদে সর্বোচ্চ ভেটো প্রদানকারী দেশ-

- (A) চীন
- (B) ফ্রান্স
- (C) রাশিয়া ✔
- (D) যুক্তরাষ্ট্র

A 9% B 3% C 39% D 48%

**Solution:**
নিরাপত্তা পরিষদে সর্বোচ্চ ভেটো প্রয়োগ করে সোভিয়েত ইউনিয়ন তথা রাশিয়া।

Question 28 Skipped

## ইউনেস্কো কর্তৃক ‘ওয়ার্ল্ড হেরিটেজ’ হিসেবে ঘোষিত–

- (A) ষাট গম্বুজ মসজিদ ✔
- (B) বায়তুল মোকাররম
- (C) জাতীয় জাদুঘর
- (D) আহসান মঞ্জিল

A 94% B 2% C 1% D 5%

**Solution:**
ইউনেস্কোর মতে বিশ্ব ঐতিহ্যের তালিকায় বাংলাদেশি স্থান-

| স্থান | অবস্থান | ক্ষেত্র |
|---|---|---|
| সোমপুর বিহার (১৯৮৫) | পাহাড়পুর, নওগাঁ | স্থাপত্য |
| ষাট গম্বুজ মসজিদ (১৯৮৫) | বাগেরহাট | স্থাপত্য |
| সুন্দরবন (১৯৯৭) | খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, পটুয়াখালী ও বরগুনা | প্রাকৃতিক ঐতিহ্য |

Question 29 Skipped

## কোনটি জাতিসংঘের অঙ্গ সংগঠন নয়?

- (A) UNDP
- (B) ILO
- (C) WFP
- (D) CARE ✔

A 1% B 15% C 4% D 82%

**Solution:**
Cooperative for Assistance and Relief Everywhere বা CARE যুক্তরাষ্ট্রভিত্তিক বিশ্বের বৃহত্তম মানবকল্যাণধর্মী সংস্থা। ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত সংস্থাটির সদর দপ্তর যুক্তরাষ্ট্রের জর্জিয়া অঙ্গরাজ্যের আটলান্টায়।

Question 30 Skipped

## IFC নিচের কোনটির অঙ্গ সংস্থা?

- (A) FBI

- (B) World Bank ✔
- (C) IMF
- (D) UNICEF

A 1%   B 80%   C 12%   D 7%

**Solution:**
IFC- এর পূর্ণরূপ International Finance Corporation. এটি বিশ্বব্যাংক গ্রুপের ৫টি অঙ্গ সংস্থার একটি। এটি প্রতিষ্ঠিত হয় ২০ জুলাই, ১৯৫৬ সালে এবং এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে।